গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

**স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/ ৮৭৮৩/১২** **তারিখঃ ২১ ডিসেম্বর ২০২৫ খ্রি.**

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেডের চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি এবং একক বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ এর কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বুদ্ধিবৃত্তিক শিক্ষা ও সংস্কৃতি নিয়ে প্রশিক্ষণ এবং প্রতিযোগিতামূলক কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড। এরই ধারাবাহিকতায় দেশের সকল জেলা, অঞ্চল এবং জাতীয় পর্যায়ে শুরু হতে যাচ্ছে ২০২৬ সালের চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি এবং একক বিতর্ক প্রতিযোগিতামূলক কার্যক্রম।

উল্লিখিত বিষয়সমূহে অনলাইনে নিবন্ধন শুরুর তারিখ ২৩ ডিসেম্বর ২০২৫ এবং নিবন্ধন শেষের তারিখ ১১ জানুয়ারি ২০২৬। উক্ত প্রতিযোগিতায় পর্যায়ক্রমে জেলা, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় উত্তীর্ণদের ২ মাসের অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড কর্তৃপক্ষ। **বর্ণিত প্রতিযোগিতাসমূহে ছাত্র-ছাত্রীদের কোনো ধরণের রেজিস্ট্রেশন ফি বা অর্থ প্রদানের প্রয়োজন নাই।**

শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধনের ওয়েবসাইট:

০১। চিত্রাঙ্কন; ওয়েবসাইট: https://art.infostudents.com
০২। আবৃত্তি; ওয়েবসাইট: https://poem.infostudents.com
০৩। একক পদ্ধতিতে বা বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতা ওয়েবসাইট: https://debate.infostudents.com

এমতাবস্থায় ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড কর্তৃক গৃহীত চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি এবং একক বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী প্রতিভাবান ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ এবং কার্যক্রমে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/১২/২০২৫
**(প্রফেসর মো: শহিদুল ইসলাম)**
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২১/১২/২৫

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (আঞ্চলিক), অঞ্চল, সকল।
০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
০৩। জেলা শিক্ষা অফিসার, সকল।

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড।
০৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (সকল স্কুল এবং কলেজে পত্রটি পৌছানোর অনুরোধসহ)।
০৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

**স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/ ৫৭৬৭/২৫** | **তারিখ: ২১ ডিসেম্বর ২০২৫ খ্রি.**

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল এবং কলেজসমূহের শিক্ষার্থীদের অংশগ্রহণে ডিবেট ডায়াস প্ল্যাটফর্মে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেডের দলগত বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ এর কার্যক্রম পরিচালনার অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের স্কুল এবং কলেজের ছাত্র-ছাত্রীদের বুদ্ধিবৃত্তিক শিক্ষা ও সংস্কৃতি নিয়ে প্রশিক্ষণ এবং প্রতিযোগিতামূলক কার্যক্রম পরিচালনা করে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড। এরই ধারাবাহিকতায় দেশের সকল জেলা এবং জাতীয় পর্যায়ে শুরু হতে যাচ্ছে ২০২৬ সালের দলগত বিতর্ক প্রতিযোগিতামূলক কার্যক্রম।

উল্লিখিত বিষয়ে ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে জেলাভিত্তিক স্কুল বিতর্ক এবং কলেজ বিতর্ক আলাদাভাবে বাস্তবায়ন কমিটি গঠন করে ইমেইলে প্রেরণ করবেন। ইমেইল: contact.debatedais@gmail.com

উক্ত স্কুল এবং কলেজ বিতর্ক বাস্তবায়ন কমিটি স্ব-স্ব জেলার স্কুল/কলেজসমূহ থেকে সংযুক্তি অনুযায়ী উপযুক্ত ৮টি স্কুল ও ৮টি কলেজের বিতর্ক দল নির্ধারণ করে ১১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে ইমেইলে তালিকা প্রেরণ করবেন। ইমেইল: contact.debatedais@gmail.com।

এমতাবস্থায় ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড কর্তৃক গৃহীত দলগত বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ সালে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণ এবং কার্যক্রমে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **বর্ণিত প্রতিযোগিতাসমূহে ছাত্র-ছাত্রীদের কোনো ধরণের রেজিস্ট্রেশন ফি বা অর্থ প্রদানের প্রয়োজন নাই।**

সংযুক্তি: কমিটি গঠন ও স্কুল/কলেজের আবেদন নমুনা।

[signature] ২১/১২/২০২৫
(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

[signature] ২১/১২/২৫

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (আঞ্চলিক), অঞ্চল, সকল
০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল
০৩। জেলা শিক্ষা অফিসার, সকল।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। অধ্যক্ষ, সরকারি/বেসরকারী (সকল) কলেজ।
০৫। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
০৬। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয় (সকল)
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড।
০৮। পরিচালক, ডিবেট ডায়াস, ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড।
০৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (সকল স্কুল এবং কলেজে পত্রটি পৌছানোর অনুরোধসহ)।
১১। অনলাইন সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১২। সংরক্ষণ নথি।

# সংযুক্তি

## জেলাভিত্তিক স্কুল বিতর্ক বাস্তবায়ন কমিটি:

১। জেলা শিক্ষা অফিসার, আহবায়ক।
২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (আহবায়ক কর্তৃক মনোনীত) একজন, সদস্য।
৩। শারীরিক শিক্ষার শিক্ষক/সহকারী শিক্ষক, (আহবায়ক কর্তৃক মনোনীত) বিতর্ক বিষয়ে অভিজ্ঞ শিক্ষক একজন, সদস্য সচিব ।

## জেলাভিত্তিক কলেজ বিতর্ক প্রতিযোগিতা বাস্তবায়ন কমিটি:

১। জেলার সবচেয়ে পুরোনো এবং বৃহৎ কলেজের অধ্যক্ষ, আহবায়ক।
২। জেলার সরকারী মহিলা কলেজের অধ্যক্ষের একজন প্রতিনিধি, সদস্য।
৩। সরকারী কলেজের সহকারী অধ্যাপক পদমর্যাদার একজন কর্মকর্তা, সদস্য সচিব।

## জেলাভিত্তিক গঠিত স্কুল/কলেজ বিতর্ক বাস্তবায়ন কমিটির তথ্য প্রেরণ:

৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে জেলাভিত্তিক স্কুল/কলেজ বিতর্ক বাস্তবায়ন কমিটি গঠন করে ছক অনুযায়ী তথ্যসমূহ আহবায়ক ইমেইলে প্রেরণ করবেন। ইমেইল: contact.debatedais@gmail.com

| কমিটিতে পদ | নাম | পদবী | প্রতিষ্ঠানের নাম ও ইআইআইএন | ব্যক্তির মোবাইল নম্বর | ব্যক্তির ইমেইল |
|---|---|---|---|---|---|
| আহবায়ক | | | | | |
| সদস্য | | | | | |
| সদস্য সচিব | | | | | |

## জেলাভিত্তিক অংশ নেওয়া স্কুল/কলেজসমূহের তথ্য প্রেরণ:

১১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবেদনকৃত ৮টি স্কুল এবং ৮টি কলেজের তালিকা (স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রাথমিক আবেদনপত্র সহ) জেলাভিত্তিক স্কুল ও কলেজের বিতর্ক বাস্তবায়ন কমিটির আহবায়ক ইমেইলে প্রেরণ করবেন। উল্লেখ্য, বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিতে আগ্রহী স্কুল/কলেজের সংখ্যা ৮টির অধিক হলে আবেদনকৃত স্কুল/কলেজসমূহের বিতর্ক সম্পর্কিত পূর্ববর্তী রেকর্ড পর্যালোচনা পূর্বক উপযুক্ত ৮টি স্কুল/কলেজের তালিকা প্রেরণ করবেন। ইমেইল: contact.debatedais@gmail.com

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ইআইআইএন | প্রতিষ্ঠান প্রধানের নাম | পদবী | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| ৬ | | | | | |
| ৭ | | | | | |
| ৮ | | | | | |

## জেলাভিত্তিক স্কুল/কলেজ বিতর্ক বাস্তবায়ন কমিটির কার্যক্রম:

১। বিতর্ক প্রতিযোগিতার ভেন্যু ও সময় নির্ধারণ: পরিচালক, ডিবেট ডায়াসের সঙ্গে আলোচনা সাপেক্ষে কমিটির আহবায়ক নির্ধারণ করবেন।
২। বিচারকমণ্ডলীর মনোনয়ন: পরিচালক, ডিবেট ডায়াসের সঙ্গে আলোচনা সাপেক্ষে কমিটির আহবায়ক নির্ধারণ করবেন।
৩। বিতর্কের ধরণ: এশিয়ান পার্লামেন্টারি বা সংসদীয় বিতর্ক পদ্ধতিতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
৪। বিতর্কের বিষয়: অর্থনীতি, আন্তর্জাতিক সম্পর্ক, সামাজিক, রাষ্ট্রীয়, ইতিহাস, খেলাধূলা এবং সমসাময়িক বিষয়।
৫। জেলার চ্যাম্পিয়ন স্কুল/কলেজের তথ্য প্রেরণ: জেলায় অংশ নেওয়া ৮টি স্কুল/৮টি কলেজের মধ্যে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। একটি স্কুল/একটি কলেজ জেলার চ্যাম্পিয়ন হিসেবে নির্বাচিত হবে। কমিটির আহবায়ক উক্ত চ্যাম্পিয়ন স্কুল/কলেজের তথ্য ইমেইলে প্রেরণ করবেন। ইমেইল: contact.debatedais@gmail.com

# বিতর্ক প্রতিযোগিতায় স্কুল/কলেজের অংশগ্রহণের আবেদন ফর্ম

বরাবর
আহবায়ক
স্কুল/কলেজ বিতর্ক বাস্তবায়ন কমিটি
ডিবেট ডায়াস, ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড
জেলা: ............................................।

বিষয়: **ডিবেট ডায়াস বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের আবেদন।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-

বিণীত নিবেদন এই যে, অধিদপ্তরের উল্লিখিত স্মারকের মাধ্যমে অবগত হয়ে আমার স্কুল/কলেজের বিতর্ক দলের অংশগ্রহণ নিশ্চিতে তথ্যসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

**স্কুল/কলেজের তথ্য:**

| | |
|---|---|
| স্কুল/কলেজের নাম | |
| স্কুল/কলেজের ইআইআইএন নম্বর | |
| স্কুল/কলেজের ইমেইল | |
| স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষর নাম | |
| স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষর মোবাইল নম্বর | |
| স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষর ইমেইল | |

**বিতর্ক দলের সদস্যদের তথ্য:**

| সদস্য | নাম | শ্রেণি | মোবাইল নম্বর | শিক্ষার্থীর ছবি |
|---|---|---|---|---|
| সদস্য-১ | | | | |
| সদস্য-২ | | | | |
| সদস্য-৩ | | | | |
| সদস্য-৪ (অতিরিক্ত) | | | | |
| সদস্য-৫ (অতিরিক্ত) | | | | |

**অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির তথ্য:**

| | |
|---|---|
| শিক্ষকের নাম ও পদবী | |
| শিক্ষকের মোবাইল নম্বর | |
| শিক্ষকের ইমেইল | |

**বিতর্ক প্রতিযোগিতায় স্কুল/কলেজের সাফল্য:**

| | |
|---|---|
| বিগত সময়ে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ | |
| বিগত সময়ে বিতর্ক প্রতিযোগিতায় পুরস্কার প্রাপ্তি | |
| বিতর্ক প্রশিক্ষক (আছে/নাই) | |

উক্ত বিতর্ক প্রতিযোগিতায় আমার স্কুল/কলেজকে অন্তর্ভুক্তি করার জন্য অনুরোধ করছি।

**সিল ও স্বাক্ষর**
**অধ্যক্ষ/প্রধান শিক্ষক**